তারিখ 17 AUG 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...



## ইংরাজী পড়ার কথাও ভাবা দরকার

17 AUG 1988

# ছাত্রদের যোগ্য নাগরিক হতে হবে : এরশাদ

রংপুর, ১৬ই আগস্ট (বাসস)।—প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ ছাত্রদের শক্তিকে একান্তভাবে জ্ঞান অর্জনে নিয়োজিত করতে বলেছেন যাতে তারা উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে উঠে দেশের উন্নয়ন প্রচেষ্টায় ফলপ্রসূ অবদান রাখতে পারে।

প্রেসিডেন্ট মঙ্গলবার এখানে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ প্রাঙ্গণে এক বিশাল ছাত্র সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

কলেজের মিলনায়তনের ভিত্তি স্থাপন অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত এ সমাবেশে প্রেসিডেন্ট বলেন শিক্ষা সমাপ্তির পর দেশের জন্যে কাজ করার সুযোগ লাভের চাইতে বড় পুরস্কার আর কিছু হতে পারে না।

সমাবেশে পাটমন্ত্রী জনাব এ কে এম মাঈদুল ইসলাম এবং কলেজের অধ্যক্ষ ডঃ আবদুল জব্বার মিয়াও বক্তৃতা করেন।

কলেজ প্রাঙ্গণে পৌঁছানোর পর প্রেসিডেন্ট এরশাদকে ছাত্ররা প্রাণঢালা সংবর্ধনা জানায়। প্রেসিডেন্ট এরশাদ ১৯৪৬ সাল থেকে ১৯৫০ সাল পর্যন্ত এ কলেজের ছাত্র ছিলেন। তাঁকে স্বাগত জানিয়ে ছাত্ররা শ্লোগান দেয়।

প্রেসিডেন্ট এ কলেজে তাঁর অধ্যয়নকালের স্মৃতিচারণ করে বলেন, সে সময় একজন ছাত্রের স্বপ্ন ছিল নিজেকে যোগ্য নাগরিক হিসাবে গড়ে তোলা এবং দেশের উন্নয়নে অবদান রাখা।

সর্বস্তরে বাংলা ভাষা ব্যবহার নিশ্চিত করার জন্যে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে প্রেসিডেন্ট এরশাদ বলেন, ইংরাজী হচ্ছে একটি আন্তর্জাতিক ভাষা। তাই বাধ্যতামূলক বিষয় হিসাবে ইংরাজী অধ্যয়নের কথা সকলের চিন্তা করার সময় এসেছে। ছাত্রদের আরো ভালোভাবে উচ্চ শিক্ষা লাভে তা সহায়ক হবে।

প্রেসিডেন্ট বলেন, তাঁর সরকার দেশের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে বর্তমান শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজানোর চিন্তা করে আসছেন। আর সেই চিন্তার আলোকে জেলা পর্যায়ের বিভিন্ন কলেজকে অনার্স কোর্সের বিশ্ববিদ্যালয় কলেজে পরিণত করা হবে।

তিনি বলেন, একটি অনুমোদনদানকারী বিশ্ববিদ্যালয় এসব কলেজের পরীক্ষা পরিচালনা করবে। অন্যদিকে বর্তমান আবাসিক বিশ্ববিদ্যালয়গুলো শুধু আবাসিক বিশ্ববিদ্যালয় হিসাবেই থাকবে। এভাবে আমরা শিক্ষাঙ্গনের পরিস্থিতির উন্নতি সাধন এবং সেসন জট দূর করার মাধ্যমে ছাত্রদের বর্তমান কষ্ট ও দুর্ভোগ থেকে মুক্তি দিতে পারি বলে তিনি উল্লেখ করেন।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

দৈনিক বাংলা

তারিখ 17 AUG 1988
পৃষ্ঠা ... ... কলাম ...

## ছাত্রদের যোগ্য

১-এর পৃঃ পর

তিনি বলেন, সরকার জোর করে এসব সিদ্ধান্ত চাপিয়ে দিতে চান না। বাস্তবায়নের আগে সরকার সেমিনার ও আলোচনা সভা করে জনমত সংগ্রহ করবেন।

প্রেসিডেন্ট বলেন, ক্যাম্পাসে রাজনীতির অশুভ প্রভাব ছাত্ররা ক্রমশঃ উপলব্ধি করতে পারছে। যেসব রাজনৈতিক দল তাদের ছাত্রফ্রন্ট বহাল রেখেছে, তারা ছাত্রদের একান্তভাবে পড়াশোনা চালানোর সুযোগ দেবে বলে তিনি আশা প্রকাশ করেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, বর্তমান সরকার কারমাইকেল কলেজের যথেষ্ট উন্নতি সাধন করেছেন। এ কলেজ আরও উন্নত হবে।

অতঃপর তিনি আনুষ্ঠানিকভাবে কলেজ মিলনায়তনের ভিত্তি স্থাপন করেন।

প্রেসিডেন্ট সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের রংপুর হাইকোর্ট ডিভিশনের দেয়া এক সংবর্ধনায় যোগদান করেন। সেই সঙ্গে তিনি রংপুর বার এসোসিয়েশন ভবন উদ্বোধন করেন।

এ দুই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রেসিডেন্ট এরশাদ বলেন, রাজনৈতিক মতপার্থক্য থাকতে পারে কিন্তু জাতীয় ইস্যুগুলোয় আমাদের সবার ঐক মত্যে আসা সম্ভব। তিনি সবাইকে নিছক ব্যক্তিস্বার্থ দ্বারা চালিত না হয়ে জাতীয় স্বার্থের অনুকূল বিভিন্ন পদক্ষেপ গ্রহণের বাস্তব মনোভাব পোষণ করতে বলেন।

অনুষ্ঠানে রংপুর হাইকোর্ট ডিভিশন বার এসোসিয়েশনের সভাপতি এডভোকেট আজিজুল হক ও রংপুর বার এসোসিয়েশনের সভাপতি এডভোকেট নুরুল হক সংবিধানের অষ্টম সংশোধনীকে স্বাগত জানান।

প্রেসিডেন্ট এছাড়া রংপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের মার্কেট কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন। এ উপলক্ষে মোনাজাত করা হয়।